

## ঢাকা-টরন্টো সরাসরি ফ্লাইট শীঘ্রই

- A Monitor Desk Report

Date: 06 December, 2021



ঢাকা-টরন্টো আকাশপথে সরাসরি ফ্লাইট পরিচালনার বিষয়টি খোলসা করতে একটি কানাডিয়ান প্রতিনিধি দল বর্তমানে ঢাকায় অবস্থান করছে। তারা ঢাকা বিমানবন্দর এবং বিমান বাংলাদেশ এয়ারলাইন্স পরিদর্শন করছেন যা ঢাকা-টরন্টো সরাসরি ফ্লাইট পরিচালনার অনুমতি দেওয়ার প্রক্রিয়ার একটি অবিচ্ছেদ্য পদক্ষেপ।

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ'র সদস্য(নিরাপত্তা)গ্রুপ ক্যাপ্টেন আবু সালেহ মাহমুদ মান্নাফী, আজ ৫ ডিসেম্বর তার কার্যালয়ে দ্য বাংলাদেশ মনিটরের সাথে আলাপকালে একথা বলেন।

কানাডা থেকে আসা দলটি ৫-৯ ডিসেম্বর পর্যন্ত পরিদর্শন করবে এবং তাদের এই রিপোর্টের ভিত্তিতেই কানাডিয়ান সরকার ঢাকা থেকে সরাসরি ফ্লাইটের অনুমতি দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে বলে তিনি জানান।

অপরদিকে, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মো. মাহবুব আলীর সঙ্গে সাক্ষাৎ করে বাংলাদেশে নিযুক্ত কানাডার হাইকমিশনার বেনোই প্রেফনটেইন ঢাকা-টরন্টো গন্তব্যে ফ্লাইট চালুর আগ্রহের কথা জানান।

সাক্ষাৎকালে প্রতিমন্ত্রী মাহবুব আলী বলেন, ঢাকা-টরন্টো আকাশপথে সরাসরি ফ্লাইট পরিচালনার সব প্রস্তুতি বাংলাদেশ সম্পন্ন করেছে। এই পথে ফ্লাইট পরিচালনার ক্ষেত্রে ঢাকার কানাডিয়ান হাইকমিশনের সব ধরনের সহযোগিতা একান্তভাবে প্রয়োজন।

প্রতিমন্ত্রীর আগ্রহের জবাবে কানাডিয়ান হাইকমিশনার বলেন, ‘ঢাকা-টরন্টো আকাশপথে সরাসরি ফ্লাইট চালু হলে দুই দেশের মধ্যে সব ধরনের বাণিজ্যিক সম্পর্ক বাড়বে। এ ব্যাপারে কানাডিয়ান হাইকমিশন সব ধরনের সহযোগিতা করতে প্রস্তুত আছে। অচিরেই ঢাকা-টরন্টো ফ্লাইট শুরু করা যাবে।

ঢাকায় সচিবালয়ে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ে প্রতিমন্ত্রীর দপ্তরে ওই সাক্ষাৎ হয়। এ সময় মন্ত্রণালয়ের সচিব মো. মোকাম্মেল হোসেন, অতিরিক্ত সচিব জনেন্দ্রনাথ সরকার ও কানাডিয়ান হাইকমিশনের কমাশিয়াল কাউন্সিলর অ্যাঞ্জেলিনা ডার্ক উপস্থিত

ছিলেন।